গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
(www.bepza.gov.bd)

নং ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০৭০.২১.৫৪৩

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭
০৬ এপ্রিল ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের রাজস্বখাতে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীর শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

ক্রম	পদের নাম ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	উপ-সহকারী প্রকৌশলী (পুর) ১৬,০০০-৩৮,৬৪০/-	৪	ইঞ্জিনিয়ারিং (পুর) এ ডিপ্লোমা।
(২)	উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ১৬,০০০-৩৮,৬৪০/-	৩	ইঞ্জিনিয়ারিং (বিদ্যুৎ) এ ডিপ্লোমা।
(৩)	স্টোর কিপার ১১,০০০-২৬,৫৯০/-	১	ন্যূনতম স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৪)	সাব স্টেশন এটেনডেন্ট ১২,৫০০-৩০,২৩০/-	৭	ন্যূনতম বিজ্ঞানে এইচএসসিসহ লাইসেন্সিং বোর্ড হতে 'এ', 'বি', 'সি' লাইসেন্স প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা অথবা "ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স/ ডিপ্লোমা ইন পাওয়ার ইঞ্জিনিয়ারিং এ সনদ প্রাপ্ত"।
(৫)	সার্ভেয়ার ১০,২০০-২৪,৬৮০/-	২	ন্যূনতম এস এস সি পাসসহ সার্ভেয়ারশীপে সার্টিফিকেট।
(৬)	ড্রাফ্টসম্যান ১০,২০০-২৪,৬৮০/-	২	ড্রাফ্টসম্যানশিপে ডিপ্লোমাসহ ১ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। অটোক্যাডে দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
(৭)	মিটার রিডার ৯,৩০০-২২,৪৯০/-	১০	ন্যূনতম এস এস সি পাশসহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত।
(৮)	ইলেকট্রিক/লাইনম্যান হেলপার ৮,২৫০-২০,০১০/-	১	৮ম শ্রেণী পাস এবং লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত।

শর্তাবলী:

(১) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

(২) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণপূর্বক দরখাস্ত করতে হবে। মৌখিক পরীক্ষার বোর্ডে ঐ কর্তৃপক্ষের অনাপত্তি পত্র দাখিল করতে হবে।

(৩) প্রার্থীদের বয়সসীমা ০১ এপ্রিল ২০২১ তারিখে ৩০ বছর, মুক্তিযোদ্ধার সন্তান, শারীরিক প্রতিবন্ধি এর ক্ষেত্রে ৩২ বছর, মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৪) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরূদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৫) মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগতযোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কোটার সনদ বা প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, স্থায়ী ঠিকানার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও মৌখিক পরীক্ষার বোর্ডে Application Form এবং উক্ত সকল সনদের ০১ (এক) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৬) কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

(৭) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন প্রার্থী www.bepza.teletalk.com.bd এই লিঙ্কে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

ক) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরু এবং শেষের তারিখ ও সময় যথাক্রমে: ১৫/৪/২০২১ তারিখ সকাল ১০:০০ টা থেকে ২০/০৫/২০২১ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর ছবি দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০X৩০০ (Pixel) এবং স্বাক্ষর দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০X৮০ (Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

Kawser

(ঙ)**SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Applicaton form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application Copy পাবেন। উক্ত Application Copy প্রার্থী Download পূর্বক রঙ্গীন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID থাকবে এবং উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে প্রতি পদের বিপরীতে ৪০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে পরিশোধ করবেন। **বিশেষভাবে উল্লেখ্য যে,** Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BEPZA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BEPZA ABCDEF
Reply: Applicant's name, Tk. ..... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BEPZA<space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: *BEPZA<space>Yes<space>PIN* লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BEPZA YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BEPZA Application for post . User ID is (ABCDEF) and Password (*********).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bepza.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

০৬/০৮/২২
(মোহাম্মদ ফারুক আলম)
সদস্য (প্রকৌশল)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)

<u>অনুলিপি:</u>
(১) সদস্য (বিউ/অর্থ/প্রকৌশল), বেপজা, ঢাকা
(২) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড
(৩) মহাব্যবস্থাপক (জনসংযোগ), বেপজা, ঢাকা বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন
(৪) মহাব্যবস্থাপক (এমআইএস), বেপজা, ঢাকা-বেপজার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন
(৫) নথি